



দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্প

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

[www.iresppw-brdb.gov.bd/Fax-8189029](http://www.iresppw-brdb.gov.bd/Fax-8189029)

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-২৬০


তারিখঃ ২৪/১০/১৮খ্রিঃ

বিষয়ঃ পুনঃব্যাখ্যা তলব।

সূত্রঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩.২২৯, তাং ১০/১০/১৮খ্রিঃ

৪৭.৬২.৭৯৭৬.১০০.২৭.০০০.১৬.৮৯০, তাং ১৭/১০/১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব সঞ্জয় কুমার মজুমদার, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, নাজিরপুর, পিরোজপুর উপজেলায় কর্মরত আছেন। উপজেলায় প্রকল্পের কার্যক্রম পর্যালোচনান্তে মেয়াদোত্তীর্ণ খেলাপি ও কিস্তি খেলাপীর পরিমাণ বৃদ্ধির দরুন ব্যাখ্যা তলব করা হলে সূত্রস্থ স্মারক নং ৮৯০ মূলে যে জবাব দাখিল করেছেন তা কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য নয়। মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণ আদায় না হওয়ার সুনির্দিষ্ট কারণ উল্লেখ না করে দায়সাদা/অসংলগ্ন বক্তব্য প্রদান করেছেন। প্রকল্পের শুরু থেকে আপনি নিজ উপজেলায় কর্মরত আছেন এবং ঋণ তহবিল থাকা সত্ত্বেও লক্ষ্যমাত্রার তুলনায় বিতরণের হার অত্যন্ত হতাশাজনক। আপনার যথাযথ তদারকির ব্যর্থতার জন্যই মেয়াদোত্তীর্ণ খেলাপি ও কিস্তি খেলাপির পরিমাণ বাড়ছে তেমনি মাঠ পর্যায়ে চাহিদা থাকা সত্ত্বেও স্বল্প সুদের এ ঋণ সুবিধা থেকে সুফলভোগী সদস্যদের বঞ্চিত করে প্রায় ৪৫.০০ লক্ষ টাকা বিতরণ না করে অলস ফেলে রেখেছেন। একজন দায়িত্বশীল কর্মকর্তা হিসেবে আপনার কর্তব্যকর্মে অবহেলা ও অসংলগ্ন তথ্য উপস্থাপনের জন্য কেন আপনার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা পত্র জারির ০৭ (সাত) দিনের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে হার্ড কপি এবং অগ্রিম কপি প্রকল্পের ই-মেইল ঠিকানায় প্রেরণের জন্য বলা হলো।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
০২-৮১৮০১৪৪

জনাব সঞ্জয় কুমার মজুমদার

সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো)

নাজিরপুর, পিরোজপুর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. উপপ্রকল্প পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, পিরোজপুর।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাজিরপুর, পিরোজপুর।
৬. ব্যক্তিগত নথি / গার্ড ফাইল।



দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্প

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

[www.iresppw-brdb.gov.bd/Fax-8189029](http://www.iresppw-brdb.gov.bd/Fax-8189029)

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-২৬৩

তারিখঃ ২৪/১০/১৮খ্রিঃ

বিষয়ঃ পুনঃব্যাখ্যা তলব।


সূত্রঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.০০১.১৮.১০৫, তাং ০৮/০২/১৮খ্রিঃ

৪৭.৬২.৪৭৬৪.৮৫৪.২২.০০১.১৫.৩০৫, তাং ১১/০৩/১৮খ্রিঃ

৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩.২২৮, তাং ১০/১০/১৮খ্রিঃ

৪৭.৬২.৪৭৬৪.৮৫৪.২২.০০১.১৫.৩৭১, তাং ১৪/১০/১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব মুহাম্মদ ইকবাল কবীর, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, পাইকগাছা, খুলনা উপজেলায় কর্মরত আছেন। উপজেলায় প্রকল্পের কার্যক্রম পর্যালোচনান্তে মেয়াদোত্তীর্ণ ও কিস্তি খেলাপীর পরিমাণ বৃদ্ধি, লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ, আদায় ও সঞ্চয় আদায়ে ব্যর্থতার দরুন ব্যাখ্যা তলব করা হলে সূত্রস্মারক নং ৩০৫ ও ৩৭১ মূলে যে জবাব দাখিল করেছেন তা সন্তোষজনক নয়। মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণ আদায় না হওয়ার ক্ষেত্রে কারণ হিসেবে চিংড়ি চাষে ভাইরাস সংক্রমণের বিষয়টি উল্লেখ করেছেন, কিন্তু মৎস্য অধিদপ্তর ও নিকটবর্তী অন্যান্য উপজেলার তথ্য পর্যালোচনায় চিংড়ি চাষে ভাইরাস সংক্রমণের বিষয়টি ভিত্তিহীন বলে প্রতীয়মান হয়। খেলাপি ঋণ আদায় ও অন্যান্য লক্ষ্যমাত্রা অর্জনে নিজের ব্যর্থতাকে আড়াল করতে ভিত্তিহীন বানোয়াট তথ্য উপস্থাপন করে প্রকল্পের ও রপ্তানিযোগ্য চিংড়ি চাষের ভাবমূর্তি ক্ষুণ্ণ করেছেন। একজন দায়িত্বশীল কর্মকর্তা হিসেবে আপনার কর্তব্যকর্মে অবহেলা ও ভিত্তিহীন মনগড়া তথ্য উপস্থাপনের জন্য কেন আপনার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না বা কর্মসূচি থেকে অব্যাহতি প্রদান করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা পত্র জারির ০৭ (সাত) দিনের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে হার্ড কপি এবং অগ্রিম কপি প্রকল্পের ই-মেইল ঠিকানায় প্রেরণের জন্য বলা হলো।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
০২-৮১৮০১৪৪

জনাব মুহাম্মদ ইকবাল কবীর

সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো)

বিআরডিবি, পাইকগাছা, খুলনা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপ্রকল্প পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, খুলনা।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পাইকগাছা, খুলনা।
৬. ব্যক্তিগত নথি / গার্ড ফাইল।